



প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৮/১১/২০১৬খ্রিঃ

“নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন বাবুরাইল খাল উন্নয়ন প্রকল্পের আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্তৃক স্বীকৃত অর্জন”

ইউএন হ্যাবিটেট (UN Habitat) কর্তৃক গত ২৯-৩০ অক্টোবর ২০১৬খ্রিঃ তারিখে চীনের নিংসিয়া (Ningxia) প্রদেশের রাজধানী ইনচুয়ান (Yinhuan) নগরীতে Asian Townscape Award 2016 পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-১ জনাব হাজী ওবায়দ উল্লাহ এবং নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম অংশগ্রহণ করেন।

Asian Townscape Award 2016 এর জন্য এশিয়ার বিভিন্ন নগরীর ৪১টি প্রকল্প আবেদন করে। এর মধ্যে ১২টি প্রকল্প Asian Townscape Award 2016 এর জন্য মনোনীত হয় এবং ৩টি প্রকল্প জুরি (Jury Award) পুরস্কার অর্জন করে। পুরস্কার প্রাপ্ত অধিকাংশ প্রকল্প চীন, জাপান ও কোরিয়ার বিভিন্ন নগরীতে বাস্তবায়িত হচ্ছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন বাবুরাইল খাল উন্নয়ন প্রকল্পটি জুরি (Jury Award) পুরস্কার অর্জন করে।

Asian Townscape Award 2016 অনুষ্ঠানে বাবুরাইল খাল উন্নয়ন প্রকল্পটির উপরে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম। তিনি উল্লেখ করেন, প্রকল্পটি বাস্তবায়িত হলে নগরীর টেকসই পরিবেশের উন্নয়ন ঘটবে, দৃষ্টিনন্দন গণপারিসর এর ব্যবস্থার পাশাপাশি নগরবাসীর দীর্ঘদিনের বিনোদনের চাহিদা পূরণ করতে সমর্থ হবে। এছাড়াও পয়ঃনিষ্কাশন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটবে। উক্ত প্রকল্পটির বাস্তবায়িত সামগ্রিক ব্যয় বিশ্বব্যাপক বহন করবে এবং কয়েকটি ধাপে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। প্রথম পর্যায়ে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে জিমখানা খাল উন্নয়ন প্রকল্পটি চলমান রয়েছে যা আগামী ২০১৭ সালের ডিসেম্বর মাসে সমাপ্ত হবে। এছাড়া বাবুরাইল খাল উন্নয়ন প্রকল্পটির জন্য বিশ্বব্যাপক প্রথম ধাপে প্রায় ৯০ কোটি টাকা অর্থায়ন করবে। যার মধ্যে প্রায় ১৮ কোটি টাকার একটি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রক্রিয়াধীন রয়েছে।

Asian Townscape Award 2016 পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্যানেল মেয়র-১ বলেন যে, বাবুরাইল খাল উন্নয়ন প্রকল্পটি নগরবাসীর দীর্ঘদিনের চাহিদা পূরণ করবে এবং এ ধরনের আন্তর্জাতিক স্বীকৃতি সিটি কর্পোরেশনকে পরিবেশবান্ধব অবকাঠামো নির্মাণ এবং জাতিসংঘ কর্তৃক গৃহিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ অর্জনে অনুপ্রেরণা যোগাবে। সর্বশেষ Asian Townscape Award 2016 এর সাথে সংশ্লিষ্ট সকলকে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে ধন্যবাদ জানান।

০৮.১১.২০১৬

(মোঃ মাহমুদুর রহমান হাবিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন